2945 J. S. R.-I (H) I - 2439

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

Deficit Stamp Rs 14010/- paid by CNS B/C 255637 26-4-05 No........Dt........

10/- Paid 07-3-5-05

Registering Officer / Regn. U/S7 (2) of the I. R. Act

29 APR 2005







।। জেলা – হুগলী, থানা – চুঁচুড়া, জে. এল. নম্বর – ১৬, মৌজা সিমলা, পরিমান – ১০ দশ শতক সম্পত্তির সাফ বিক্রয় কোবালাপত্র ।
মূল্য কোঃ – ৩,০০,০০০.০০ টাকা ।।

---

ক্রেতাগণ :– ১। শ্রী প্রদীপ কুমার ঘোষ, পিতা মৃত সরোজ কুমার ঘোষ,
২। শ্রীমতী সীমা ঘোষ, স্বামী শ্রী প্রদীপ কুমার ঘোষ, উভয়ের ধর্ম হিন্দু (ভারতীয় নাগরিক), উভয়ের পেশা – ব্যবসা, উভয়ের সাকিম – ফার্ম সাইড রোড, চুঁচুড়া আর. এস, থানা – চুঁচুড়া, জেলা – হুগলী ।

M/S. GHOSH AND CO.
Piyas Ghosh
PARTNER

12.4.05

April 2005

Panchanan Ghosh

Seal of the District ... Chinsurah, Hooghly

Registrar / Regn.
U/S7 (2) of the I. R. Act

APR 2005



3809

Panchanan Ghosh
S/o D Nri Singha Prasad Ghosh
Gosawami Mat Para
Dadpur Hooghly
Retd.

Bablu Ghosh
Panchanan Ghosh
Gosawami Mat Para
Dadpur Hooghly
Business

শ্রী বাবলু ঘোষ
পিতা শ্রী পঞ্চানন ঘোষ
গোস্বামী মাঠপাড়া
থানা - দাদপুর
জেলা - হুগলী
পেশা - ব্যবসা

Registrar / Regn.
U/S7 (2) of the I. R. Act
APR 2005

1000Rs.




Market Value Assessed— 484848/—
Stamp duty required— 29110/—
Stamp duty paid— 18010/—
Stamp duty defecit— 11100/—
Certified that the defecit—
Stamp duty of Rs. 11100-00 is
paid by SBI/Bansberia Bank
Drat No. 615228 dt 30-4-05
and the Document is duly
Stamped. A-2085 Realised
3-5-05

Collector U/S 62 (1) of I. S. Act. 1899

(২)

শ্রী পঞ্চানন ঘোষ, পিতা মৃত নৃসিংহ প্রসাদ ঘোষ, ধর্ম – হিন্দু (ভারতীয় নাগরিক), পেশা – অবসরপ্রাপ্ত, সাকিন – গোস্বামীমালিপাড়া, থানা – দাদপুর, জেলা – হুগলী।

কস্য সাফ বিক্রয় কোবালাপত্র মিদং কার্য্যঞ্চাগে – জেলা ও সাবরেজিষ্ট্রী অফিস হুগলী, থানা চুঁচুড়ার সামিল জে.এল. নম্বর ১৬, সিমলা মৌজায় নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্ণিত সম্পত্তি যাহা আমি অত্র দলিলের বিক্রেতা বিগত ইংরাজী ২/২/১৯৬৫ তারিখে সম্পাদিত ও হুগলী ডি.এস.আর. অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ৮ নম্বর – ভল্যুমের ২১৯ হইতে ২২১ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ৭৫৬ নম্বর সাফ বিক্রয় কোবালা দলিল মূলে গোস্বামী মালিপাড়া নিবাসী শ্রী নিতাই চন্দ্র ঘোষ মহাশয়ের নিকট হইতে – খরিদ করিয়া হাল এল.আর. সেটেলমেন্টের পৃথক খতিয়ানে নিজ নাম রেকর্ডভুক্ত করাইয়া এতাবৎ উক্ত সম্পত্তিতে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান মতে নির্বিবাদে ভোগদখলে কায়েম আছি। এক্ষনে আমার বৈধ কারনে ও আবশ্যকীয় করনীয় কার্য্যাদি সম্পাদন কল্পে নগদ অর্থের একান্ত আবশ্যক হওয়ায় এবং তপশীলোক্ত সম্পত্তি আমার বাসস্থান হইতে বহুদূরে অবস্থিত হওয়ায় উক্ত সম্পত্তি আমার পক্ষে দেখাশুনা ও

পৃঃ– ৩

M/S. GHOSH AND CO.
Piyas Ghosh
PARTNER

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES



রক্ষনাবেক্ষনের নানাবিধ অসুবিধা দেখা দেওয়ায় আমি নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বাজারোচিত সর্ব্বোচ্চ ধার্য্যকৃত কোং— ৩,০০,০০০·০০ তিনলক্ষ টাকা মূল্যে বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনারা অত্র দলিলের ক্রেতাগণ তপশীলোক্ত সম্পত্তি উক্ত মূল্যে খরিদ করিতে ইচ্ছুক হওয়ায় আমি অত্র বিক্রেতা ইতিপূর্ব্বে আপনাদের নিকট হইতে মূল্য বাবদ কোং— ৩,০০,০০০·০০ তিনলক্ষ টাকা গ্রহন পূর্বক ও উহার প্রাপ্তি স্বীকার করত: নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনাদিগকে চিহ্নিত করত: সাফ বিক্রয় করিয়া দিয়া উহার দখল বুঝাইয়া দিলাম এবং আপনাদের নাম বরাবর অত্র সাফবিক্রয় কোবালা দলিল সম্পাদন করিয়া দিয়া স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার অর্থাৎ অত্র বিক্রেতার যাহা কিছু স্বত্ব, সামিত্ব, দখল, অধিকার হক, হকুক, লভ্যাদি ছিল বা আছে তৎসমুদয় চিরতরে রদ ও রহিত হইয়া অদ্যকার তারিখে সম্পূর্ণরূপে আপনাদের প্রতি নিব্যূঢ় স্বত্বে তুল্যাংশে বর্তিল। আপনারা অত্র ক্রেতাগণ নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও স্বত্ববতী মতে দান, বিক্রয় সর্ব্ব প্রকার হস্তান্তর ও দায়বদ্ধ করনের ক্ষমতাযুক্ত মালিক হইয়া পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদিচ্ছামতে নির্ব্বিবাদে পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে ভবিষ্যতে আমি অত্র বিক্রেতা মায় ওয়ারিশান ও

M/S. GHOSH AND CO.
Piyas Ghosh
PARTNER

1000Rs.

INDIA NON JUDICIAL

১০০০রু. Rs. 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

(৪)

স্থলাভিষিক্তগণক্রমে কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া বা ওজরাপত্যাদি করিতে পারিব না বা পারিবে না , করিলেও তাহা সর্ব্বস্থলে বা সর্ব্বাদালতে বাতিল বা নামঞ্জুর হইবে । এই বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নিদ্দায়, নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় আপনাদিগকে বিক্রয় করিলাম ও উহার দখল দিলাম । নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতিপূর্বে অপর কাহাকেও কোন প্রকার হস্তান্তর বা দান বিক্রয় করি নাই বা কাহারও নিকট দায়বদ্ধ নাই বা উক্ত সম্পত্তি সরকার কর্তৃক ভেষ্টেড্ হয় নাই । ঐরূপ কোনকিছু করা বা থাকা প্রমান বা প্রকাশ পাইলে বা তপশীলোক্ত সম্পত্তিতে আমার কোনরূপ সৃত্ব বা দখলের দোষ ত্রুটি বা দুর্বলতা থাকা প্রকাশ পাইলে তদ্কারনে বিক্রীত সম্পত্তিতে আপনাদের সৃত্ব বা দখলের কোনরূপ হানি বা বিঘ্ন - ঘটিলে আমি অত্র বিক্রেতা মায় ওয়ারিশানগণক্রমে উহার খোলসা মুক্ত করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিল , অন্যথায় মূল্যের সমুদয় টাকা মায় সুদ ও ক্ষতিপূরন সহ নগদে এককালিন আপনাদিগকে ফেরত দিতে বাধ্য রহিলাম ও রহিল । আপনারা অত্র ক্রেতাগণ স্থানীয় বি,এল, এ্যান্ড এল,আর,ও, সেটেলমেন্ট ও পঞ্চায়েত সংস্থায় নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি সম্পর্কে আপনাদের নাম জারী বা পত্তন পূর্বক রেকর্ডভুক্ত করাইয়া আপনাদের নামে যথারীতি ট্যাক্স ও খাজনাদি আদায় দিতে পারিবেন ,

পৃঃ- ৫

M/S. GHOSH AND CO.

PARTNER

তাহাতে আমার পূর্ণ সম্মতি অত্র দলিল মূলেই দেওয়া রহিল। এতদ্‌সত্ত্বেও যদি ভবিষ্যতে আমার কোনরূপ সম্মতি বা সাহায্যের আবশ্যক হয় তাহা আমি মায় ওয়ারিশান – গণক্রমে দিতে বা করিতে বাধ্য রহিলাম ও রহিল।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় অন্যের বিনা প্ররোচনায় অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত মতে মূল্য বাবদ কোঃ– ৩,০০,০০০·০০ তিনলক্ষ টাকা বুঝিয়া – পাইয়া আপনাদের নাম বরাবর নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সম্পাদন করিয়া দিলাম। ইতি তাং– বাংলা সন ১৪১২ সালের ১৫ই বৈশাখ, ইংরাজী সন ২০০৫ সালের ২৯শে এপ্রিল,–

।। তপশীল সম্পত্তি ।।

জেলা ও সাবরেজিষ্ট্রী অফিস হুগলী, থানা চুঁচুড়ার সামিল কোদালিয়া –১ নংগ্রাম পঞ্চায়েতের এলাকাভুক্ত জে·এল·নম্বর ১৬ সিমলা মৌজায় আর·এস· ৬৬৩ নং খতিয়ান ভুক্ত হাল এল·আর·খতিয়ান নং– ৪৬৯/১, আর·এস· ১৬৪৫ এক হাজার ছয়শত পঁয়তাল্লিশ নম্বর দাগে (হাল এল·আর·দাগ নম্বর ১৬৬২) শালি জমি ১ ষোল আনায় ০·১৯ শূন্য পয়েন্ট উনিশ একর বা ১৯ উনিশ শতক এর মধ্যে ।।· আট আনায় কমবেশী ০·১০ শূন্য পয়েন্ট দশ একর বা ১০ দশ শতক মায় যাবতীয় প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র দলিলে বিক্রয় হইল। বিক্রীত সম্পত্তির চৌহদ্দির বিবরণ :– পূর্বে – ১৬৪৬ দাগের সম্পত্তি, পশ্চিমে – ১৬৪৫ দাগের সম্পত্তি, উত্তরে – রাস্তা ও দক্ষিনে – ১৬৪৪ দাগের সম্পত্তি হইতেছে।

ইহার খাজনা হাল সেটেলমেন্টের ধার্য্যমতে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে বি, এল, এ্যান্ড এল, আর, ও, সদর হুগলী, ব্যান্ডেল লিচুবাগান দপ্তরে আদায় দিতে হইবে। কোনও শরিক নাই।

ইসাদী :

১। [handwritten signature]

২। [handwritten signature]

Drafted by me
Biraj Mohan Dalta
Advocate, Reg. No. - W.B./806/73
Chinsurah Court, Hooghly

টাইপকারক : [signature]
চুঁচুড়া কোর্ট, হুগলী।

M/S. GHOSH AND CO.
Piyas Ghosh
PARTNER

## দশ আঙ্গুলের টিপ সঁই

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বামহস্ত | | | | | | [illegible] |
| | কনিষ্ঠ অঙ্গুলি | অনামিকা | মধ্যমা | তর্জনী | বৃদ্ধাঙ্গুলি | |
| দক্ষিণহস্ত | | | | | | |

আমার দ্বারা প্রত্যয়িত

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বামহস্ত | | | | | | [illegible] |
| | কনিষ্ঠ অঙ্গুলি | অনামিকা | মধ্যমা | তর্জনী | বৃদ্ধাঙ্গুলি | |
| দক্ষিণহস্ত | | | | | | |

আমার দ্বারা প্রত্যয়িত

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বামহস্ত | | | | | | [illegible] |
| | কনিষ্ঠ অঙ্গুলি | অনামিকা | মধ্যমা | তর্জনী | বৃদ্ধাঙ্গুলি | |
| দক্ষিণহস্ত | | | | | | |

আমার দ্বারা প্রত্যয়িত

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বামহস্ত | | | | | | |
| | কনিষ্ঠ অঙ্গুলি | অনামিকা | মধ্যমা | তর্জনী | বৃদ্ধাঙ্গুলি | |
| দক্ষিণহস্ত | | | | | | |

আমার দ্বারা প্রত্যয়িত

M/S. GHOSH AND CO.
Piyas Ghosh
PARTNER